

পণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

স্মারক নং-৪৫.১৫৫.১১৪.০০.০০.০২২.২০১৪-৮৬

তারিখঃ ২০-০২-২০১৯ খ্রিঃ


বিষয়ঃ হাসপাতাল ও স্বাস্থ্য স্থাপনায় অগ্নিকান্ড প্রতিরোধে ব্যবস্থা গ্রহণ প্রসংগে।

সম্প্রতি শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতালে সংঘটিত অগ্নি দুর্ঘটনার প্রেক্ষিতে দেশের সকল হাসপাতাল ও স্বাস্থ্য স্থাপনায় অগ্নিকান্ড প্রতিরোধে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

- (ক) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এবং স্থানীয় প্রশাসনের সংশ্লিষ্ট কর্মসূচি সমন্বয় করে হাসপাতাল ও স্বাস্থ্য স্থাপনাসমূহের অগ্নিকান্ড সংঘটনের সম্ভাব্য বিষয়গুলি পর্যালোচনা করতে হবে। বিশেষ করে ইলেক্ট্রিক লাইন, স্টোর, গ্যাস লাইন, চুলা ইত্যাদির অবস্থা নিয়মিত পর্যালোচনা করতে হবে;
- (খ) ওয়ার্ড, স্টোরসহ হাসপাতালে অগ্নিনির্বাপনের লক্ষ্যে স্থাপিত যন্ত্রপাতি (অগ্নি নির্বাপক যন্ত্র) যথাযথ আছে কিনা প্রতি ছয় মাস অন্তর তা উপযুক্ত কর্তৃপক্ষকে দিয়ে পরীক্ষা করানোর বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে;
- (গ) ফায়ার সার্ভিসের সহযোগিতায় হাসপাতালে কর্মরত কর্তব্য ও কর্মচারীদের মধ্য হতে বাছাই করে একটি Rapid Response Team তৈরী করতে হবে এবং তাদের প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।
- (ঘ) ফায়ার সার্ভিস ও দুর্ঘটনা ব্যবস্থাপনা অধিদপ্তরের সহযোগিতায় হাসপাতালের অগ্নিকান্ড ও দুর্ঘটনাকালীন পরিস্থিতি মোকাবেলার জন্য নিয়মিত ড্রিল পরিচালনা করতে হবে।
- (ঙ) সকলের অংশ গ্রহণে অগ্নিকান্ড ও দুর্ঘটনা দুর্ঘটনা সম্পর্কে সার্বিক সচেতনতা বৃদ্ধির জন্য পদক্ষেপ গ্রহণ করতে হবে।

০২। এ বিষয়ে গৃহীত ব্যবস্থা মন্ত্রণালয়ের মনিটরিং অনুবিভাগকে নিয়মিতভাবে জানানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

০৩। বিষয়টি অতীব জরুরী।


(মোঃ আবু রায়হান মিশ্রা)
উপসচিব
ফোনঃ ৯৫৫৬৯৮৯

বিতরণঃ

- ১। পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল (সকল)
- ২। পরিচালক, বিশেষায়িত হাসপাতাল (সকল)
- ৩। তত্ত্বাবধায়ক/সিভিল সার্জন (সকল)
- ৪। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

- ০১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধসহ)।
- ০২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (সংশ্লিষ্টদের ই-মেইলে প্রেরণের অনুরোধসহ)।
- ০৬। অতিরিক্ত সচিব (হাসপাতাল/স্বাস্থ্য সেবা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।